



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

Dakshinbanga Matsyajibi Forum (D.M.F.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এস.এফ. অনুমোদিত)



গ্রাম কার্যালয়ঃ- ২০৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২০২৮০৯৮৯; ই-মেইলঃ- [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

ডায়মন্ড হারবার কার্যালয়ঃ- রামবামপুর (হালদারপাড়া), ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা, পিন - ৭৪০০০১; মোঃ- ৯৮০০২৬৬২৬৫।

মেমো নং- ডি.এম.এফ./জি.বি. - ৪৭/২৫

তাং ১৪-১০-২০২৫

স্মারকলিপি

প্রতি -

মাননীয় বিট অফিসার,

বাগনা বিট (বসিরহাট রেঞ্জ)।

মহাশয়,

১৯৭৩ সালে সুন্দরবন টাইগার রিজার্ভ প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে বাঘ ও অন্যান্য বন্যপ্রাণ সংরক্ষণের নামে সুন্দরবনের হাজার হাজার ক্ষুদ্র মৎস্যজীবীর উপর বনদপ্তরের লাগাতার অত্যাচার ও দমন-পীড়ণ চলছে। ক্ষুদ্র মৎস্যজীবীদের জীবিকা হরণকারী অত্যাচারী সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পকে সম্প্রতি মাতলা, রায়দীঘি, ও রামগঙ্গা রেঞ্জ সম্প্রসারিত করে মৎস্যজীবীদের মাছ শিকারের এলাকাকে কেড়ে নেওয়া হচ্ছে। দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের সম্প্রসারণ এবং নিরীহ ক্ষুদ্র দরিদ্র মৎস্যজীবীদের উপর গত ৫০ বছর ধরে বনদপ্তরের অমানবিক অত্যাচার ও দমন-পীড়ণের তীব্র প্রতিবাদ জানানো হচ্ছে। সেইসঙ্গে ফোরামের পক্ষ থেকে নিম্নলিখিত দাবিগুলি পেশ করা হচ্ছে। -

আমাদের দাবি-

- ১। অবিলম্বে সুন্দরবনের নদী-খাঁড়ি-জঙ্গলের সর্বত্র মাছ-কাঁকড়া শিকারের উপর একতরফা নিষেধাজ্ঞা প্রত্যাহার করতে হবে এবং মৎস্যজীবীদের উপর অত্যাচার বন্ধ করতে হবে।
- ২। (ক) অবিলম্বে প্রত্যেক মৎস্যজীবীকে সুন্দরবনের নদী-খাঁড়ি-জঙ্গলের সর্বত্র মাছ-কাঁকড়া শিকারের জন্য বার্ষিক নবীকরণযোগ্য ব্যক্তিগত পারমিট দিতে হবে।  
(খ) প্রত্যেক মৎস্যজীবীর কাছ থেকে বার্ষিক নবীকরণযোগ্য ব্যক্তিগত পারমিট -এর জন্য ব্যক্তিগত আবেদন গ্রহণ করে উক্ত আবেদনের প্রতিলিপিতে প্রাপ্তিস্বীকার করতে হবে।
- ৩। প্রত্যেক মৎস্যজীবীর নামে বার্ষিক নবীকরণযোগ্য ব্যক্তিগত পারমিট ইস্যু করার আইনি ব্যবস্থা চালু না হওয়া পর্যন্ত কোনো মৎস্যজীবীকে বিনা-পারমিটে সুন্দরবনের নদী-খাঁড়ি-জঙ্গলে মাছ-কাঁকড়া শিকারের দায়ে আটক ও হয়রানী করা চলবে না।
- ৪। বনদপ্তরের অধীন সুন্দরবনের মৎস্যক্ষেত্রের সুষ্ঠু ম্যানেজমেন্টের জন্য বনদপ্তর, মৎস্যদপ্তর এবং বিভিন্ন মৎস্যজীবী ইউনিয়ন ও মৎস্যজীবী সমবায় সমিতিগুলির প্রতিনিধিদের নিয়ে গ্রাম, জিপি, ব্লক, জেলা ও রাজ্য স্তরের ম্যানেজমেন্ট কমিটি গঠন করতে হবে।
- ৫। অবিলম্বে সকল ভাড়ার বিএলসি বাতিল করতে হবে।
- ৬। সুন্দরবনের নদী-খাঁড়ি-জঙ্গলে তিন মাস মাছ শিকার বন্ধের সময় মাসে ৫০০০ (পাঁচ হাজার) টাকা জীবিকা সহায়তা প্রদান করতে হবে।
- ৭। ব্যাঘ্র ও অন্যান্য বন্য প্রাণের আক্রমণে নিহত মৎস্যজীবীদের বিধবা ও অসহায় পরিবারবর্গকে সম্মানজনক জীবনযাপনের জন্য এককালিন ১০ লক্ষ টাকা আর্থিক সহায়তা, পরিবারের একজনকে চাকরি এবং বিধবাকে মাসিক পাঁচ হাজার টাকা বিশেষ ভাতা প্রদান করতে হবে।



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)  
Dakshinbanga Matsyajibi Forum (D.M.F.)



ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এস.এফ. অনুমোদিত)  
ই-মেইল- dmfwestbengal@gmail.com

প্রথম কার্যালয়- ২০.৪ পিল লেন, জলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩০ ২৩২৮০৯৮৯; ই-মেইল- dmfwestbengal@gmail.com  
ডায়মন্ড হারবার কার্যালয়- বাঘবামপুর (হালদাবাগাড়া), ডায়মন্ড হারবার, পি ২৪ পরগণা, পিন - ৭৪৩৩৩১; মোঃ- ৯৮০০২৬৬২৬৫।

- ৮। অবিলম্বে সুন্দরবনের সকল ব্যাঘ্রবিধবাকে চিহ্নিত করার জন্য বিশেষ কমিশন গঠন করতে হবে।  
৯। অবিলম্বে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পকে মাতলা, বায়দিঘি ও রামগঙ্গা এই তিন রেঞ্জে সম্প্রসারিত করার পরিকল্পনা বাতিল করতে হবে।  
ঘন্যবাদান্তে,

*(Signature)*

মিলন দাস  
সাধারণ সম্পাদক  
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম  
মোঃ- ৯৮০০২৬৬২৬৫

বিনীত

*(Signature)*  
তপন মণ্ডল

সম্পাদক (গোসাবা ব্লক শাখা)  
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম  
মোঃ- ৮১১৬৭৪১৫৭১

নাম	ঠিকানা/ পেশা/ সংগঠনের নাম	মোবাইল নং	সাক্ষর
ব্রজেন চন্দ্র	ডি.এম.এফ.	৯০৬৭১৭৪১২৭	<i>(Signature)</i>
বিলেত হুসেইন		৭০৬৩৩২৭৬১১	<i>(Signature)</i>
সত্যজিৎ চন্দ্র	D.M.F.	৭৫৪৬০৩৪৫৭৩	<i>(Signature)</i>
তাজুল মোস্তফা	D.M.F.	৪১১৬২৭৫৭০৩	<i>(Signature)</i>
বেলায়েত হুসেইন	D.M.F.	৪০১৭১৭১১২৭	<i>(Signature)</i>
ব্রজেন চন্দ্র		৪২০৭৫৪৪৭০৩	<i>(Signature)</i>
বিলেত হুসেইন		৪৭৭৫৫৪৩১৭	<i>(Signature)</i>
সাবিত্রী চন্দ্র		৭০৬৩৭০৫০৭৫	<i>(Signature)</i>

Received

*(Signature)*

৯.৫.১৪

১৪-১০-২১